দৈনিক ইত্তেফাক

তারিখ 23 JAN 1997
পৃষ্ঠা ১২ কলাম ৪

ঢাকা ভার্সিটি ছাত্রদলের নয়া কমিটি গঠনের প্রতিবাদ

# ৪টি হলে প্রচন্ড গোলাগুলী ॥ পুলিশ মোতায়েন

*ইত্তেফাক রিপোর্ট* ॥ নাসির উদ্দিন আহমেদ অসীমকে আহবায়ক এবং সেলিমুজ্জামান সেলিমসহ ১০ জনকে যুগ্ম আহবায়ক করিয়া ছাত্রদল ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার একটি আহবায়ক কমিটি গঠন করা হইয়াছে। গতকাল (বুধবার) রাতে ছাত্রদল কেন্দ্রীয় কমিটির সভাপতি শহীদ উদ্দিন চৌধুরী এ্যানী ও সাধারণ সম্পাদক হাবিব উন নবী সোহেল স্বাক্ষরিত এই নয়া কমিটির অন্য যুগ্ম আহবায়কগণ হইতেছেন ঃ মাঈনুদ্দীন চৌধুরী লিটন, জাকির হোসেন সিদ্দিকী, এ.টি.এম. আবদুল বারী ড্যানী, শফিউল বারী বাবু, সুলতান সালাহ উদ্দিন টুকু, নূরুল হক জিতু, আসাদুজ্জামান রুবেল, জয়ন্ত কুমার কুন্ড ও বেনজির আহমেদ টিটু। আহবায়ক কমিটির সদস্যগণের নাম পরে প্রকাশ করা হইবে।

এদিকে নয়া আহবায়ক কমিটিতে ছাত্রদলের অনেক নেতা অন্তর্ভুক্ত না হওয়ার প্রতিবাদে গতকাল গভীর রাতে বিশ্ববিদ্যালয়ের ৪টি আবাসিক হলে প্রচণ্ড গোলাগুলী শুরু হয়। রাত ১২টায় এই রিপোর্ট লেখা পর্যন্ত গোলাগুলী চলিতেছিল। ছাত্রদল কর্মীরা নয়া কমিটির বিরুদ্ধে শ্লোগান দেয়। যে ৪টি হলে গোলাগুলী হয় সেগুলি হইল সূর্য সেন, জসীমউদ্‌দীন, জিয়া ও মুজিব হল। এই ৪টি হলই পুলিশ ঘেরাও করিয়া রাখিয়াছে।